রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, ডিসেম্বর ৭, ২০২৩**

[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা)**

**ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ/ ০৫ ডিসেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

**নং ০৩.০৬৮.০১৮.০৬.০০.০২৪.২০১০-৭১৯**—বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ০২ নং আইন) এর ধারা ৬৬ ও বাংলাদেশ ইপিজেড শ্রম বিধিমালা, ২০২২ এর বিধি ১৩৬ (১) মোতাবেক ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর অধীন জোনসমূহের অন্তর্গত শিল্প প্রতিষ্ঠানে নিযুক্ত সকল শ্রমিকের নিম্নতম মজুরির হারের খসড়া সুপারিশ, ২০২৩ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এই প্রজ্ঞাপন মারফত প্রকাশ করা হইলো।

আরো জানানো যাইতেছে যে—

এই প্রজ্ঞাপনে প্রকাশিত জোনসমূহের অন্তর্গত শিল্প প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরির হারের খসড়া সুপারিশের উপর যদি কাহারও কোনো আপত্তি বা সুপারিশ থাকে তাহা হইলে এই গেজেট প্রজ্ঞাপন প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে উক্ত আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে চেয়ারম্যান, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড, বাড়ি নং- ১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা- ১২০৫ বরাবর প্রেরণ করিতে হইবে। উক্ত সময়সীমার মধ্যে প্রদত্ত আপত্তি বা সুপারিশ বিবেচনার পর বোর্ড সরকারের নিকট চূড়ান্ত সুপারিশ পেশ করিবে।

**মেজর জেনারেল আবুল কালাম মোহাম্মদ জিয়াউর রহমান,** এনডিসি, পিএসসি
নির্বাহী চেয়ারম্যান, বেপজা
ও
চেয়ারম্যান
ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড।



**মূল্য :** টাকা ১২.০০

## ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

## খসড়া সুপারিশ-২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর অধীন জোনসমূহের অন্তর্গত শিল্প প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের নিমিত্ত গত ০৯ নভেম্বর ২০২৩ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপন মূলে (এস.আর.ও নং-৩০৮-আইন/২০২৩) বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন) এর ধারা ৬৫ এ প্রদত্ত ক্ষমতাবলে ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড গঠন করা হয়।

উক্ত প্রজ্ঞাপনের নির্দেশনা মোতাবেক, জোনসমূহের অন্তর্গত শিল্প প্রতিষ্ঠানসমূহে নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণের নিমিত্ত, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড কর্তৃক বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন) এর ধারা ৬৮ অনুযায়ী জোন বহির্ভূত (দেশের অন্যান্য) এলাকার শিল্প কারখানায় নিযুক্ত শ্রমিকগণের নিম্নতম মজুরি বা বেতন কাঠামো এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াবলী বিচার-বিশ্লেষণের জন্য বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর অধীন সকল জোনের শিল্প প্রতিষ্ঠানের মালিক ও শ্রমিক প্রতিনিধিদের সহিত মতবিনিময়পূর্বক বিভিন্ন তথ্য উপাত্ত সংগ্রহ করা হয়।

অতঃপর জোনসমূহের অন্তর্গত বিভিন্ন সেক্টরের শিল্প প্রতিষ্ঠানসমূহে নিযুক্ত সকল শ্রেণির শ্রমিকদের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রদানের লক্ষ্যে মজুরি বোর্ডের একাধিক সভা অনুষ্ঠিত হয়। বোর্ডের সভায় বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন) এর ধারা ৬৮ অনুযায়ী জোন বহির্ভূত এলাকার শিল্প কারখানার নিম্নতম মজুরি বা বেতন কাঠামো এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় যেমন: বর্তমান অস্থিতিশীল বিশ্ব বাণিজ্য, বিশ্বের বিভিন্ন স্থানে চলমান ভূ-রাজনৈতিক অস্থিরতা, রপ্তানি আদেশ হ্রাস এবং কাঁচামালের মূল্য বৃদ্ধি, বাড়ি ভাড়াসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের উর্ধ্বগতি ইত্যাদি এবং শিল্প-প্রতিষ্ঠানসমূহের মালিক প্রতিনিধি ও শ্রমিক প্রতিনিধি কর্তৃক দাখিলকৃত মজুরি প্রস্তাবনা বিবেচনা করা হয়। সার্বিক অবস্থা বিবেচনাপূর্বক বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ (২০১৯ সনের ২ নং আইন) এর ধারা ৬৬ মোতাবেক জোনসমূহের অন্তর্গত সকল সেক্টরের /ক্যাটাগরির শিল্প প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকগণের জন্য নিম্নতম মজুরি হার নির্ধারণের বিষয়ে ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড সর্বসম্মতিক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট নিম্নলিখিত খসড়া সুপারিশ উপস্থাপন করিল:-

(১) এই সুপারিশে বর্ণিত তফসিল “ক” “খ” “গ” ও “ঘ” এ উল্লিখিত নিম্নতম মজুরি হার বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষের অধীন জোনসমূহের অন্তর্গত সংশ্লিষ্ট সকল শিল্প প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য হইবে;

(২) মূল মজুরির সহিত বাড়ি ভাড়া (মূল মজুরির ৫০%) ও চিকিৎসা ভাতা (নির্ধারিত ২,৩৭৫/- টাকা) যুক্ত হয়ে মোট মজুরি নির্ধারিত হইবে। অর্থাৎ মোট মজুরি = মূল মজুরি + বাড়ি ভাড়া (মূল মজুরির ৫০%) + চিকিৎসা ভাতা (নির্ধারিত ২,৩৭৫/- টাকা);

(৩) এতদ্ব্যতীত, প্রতিটি শিল্প প্রতিষ্ঠান তাহাদের নিযুক্ত সকল শ্রমিকের জন্য খাদ্য অথবা খাদ্য ভাতা এবং পরিবহন সুবিধা অথবা যাতায়াত ভাতা প্রদান করিবেন, যাহা শ্রমিকের মোট

মজুরির অতিরিক্ত হইবে। যে সকল শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকগণ খাদ্য অথবা খাদ্য ভাতা এবং পরিবহন সুবিধা অথবা যাতায়াত ভাতা পাইয়া আসিতেছেন তাহাদের উল্লিখিত সুবিধাদি অথবা ভাতাসমূহের পরিমাণ কোনোভাবেই হ্রাস করা যাইবে না;

(৪) তফসিলসমূহে উল্লিখিত কোনো শ্রমিক বর্তমানে যে গ্রেডে কর্মরত রহিয়াছেন এই সুপারিশকৃত মজুরি কাঠামোতে তাহাকে সেই গ্রেডেই স্থলাভিষিক্ত করিয়া সমন্বয়পূর্বক তাহার মজুরি নির্ধারণ করিতে হইবে। কোনো শ্রমিককে তাহার বিদ্যমান গ্রেড হইতে নিম্নতর গ্রেডভুক্ত করা যাইবে না। উল্লেখ্য, পুনঃনির্ধারিত মূল এবং মোট মজুরি কোনোভাবেই তাহার বর্তমান মূল এবং মোট মজুরি হইতে কম হইবে না;

(৫) প্রত্যেক শিল্প প্রতিষ্ঠানের মালিক বা নিয়োগকর্তা প্রতিটি গ্রেড বা পদের বিপরীতে তাহার প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের পে-ফিক্সেশন করিবেন। এক্ষেত্রে শ্রমিকের চাকরিকাল (ভগ্নাংশসহ) বিবেচনা করিয়া বর্তমান মজুরির সাথে নতুন মজুরি এমনভাবে সমন্বয় করিবেন যাহাতে প্রত্যেক শ্রমিকের মূল মজুরি পূর্বের আহরিত সর্বশেষ মূল মজুরির তুলনায় বেশি হয় এবং একই গ্রেডে একজন পুরাতন ও একজন নতুন শ্রমিকের মজুরির মধ্যে দৃশ্যমান ও যৌক্তিক ব্যবধান থাকে। মূল মজুরি সমন্বয়ের ক্ষেত্রে অবশ্যই শ্রমিকের চাকরিকাল বিবেচ্য হইবে।

(৬) এই সুপারিশের আলোকে সরকার কর্তৃক প্রজ্ঞাপন জারির পর হইতে জোনসমূহের অন্তর্গত শিল্প প্রতিষ্ঠানের মালিকগণ তফসিলে উল্লিখিত সংশ্লিষ্ট গ্রেড অনুযায়ী শ্রমিকদের যথাযথ গ্রেডে সন্নিবেশ করিয়া মজুরি রেজিস্টারভুক্ত করিয়া মজুরি প্রদান করিবেন;

(৭) তফসিল "ক" "খ" "গ" ও "ঘ" এ উল্লিখিত মজুরি সংশ্লিষ্ট শ্রমিকগণের মাসিক নিম্নতম মজুরি হিসেবে গণ্য হইবে এবং উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা কম মজুরি প্রদান করা যাইবে না, তবে উক্ত নিম্নতম মজুরি অপেক্ষা অধিকহারে মজুরি প্রদত্ত হইয়া থাকিলে তাহা হ্রাস করা যাইবে না;

(৮) নিয়োগকর্তা বা মালিক পক্ষ ইচ্ছা করিলে স্ব-উদ্যোগে বা এককভাবে বা যৌথ উদ্যোগে সম্পাদিত চুক্তি অনুযায়ী কোনো শ্রমিক অথবা শ্রমিকগণকে অধিক হারে মজুরি প্রদান করিতে পারিবেন;

(৯) তফসিলসমূহে উল্লিখিত নিম্নতম মজুরি ও বিভিন্ন ভাতাদি ছাড়াও শ্রমিকগণ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানে যে সকল অধিকার, সুযোগ সুবিধা ও ভাতাদি ভোগ করিয়া আসিতেছেন, তাহা বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক বলবৎ ও অব্যাহত থাকিবে; যদি না তাহার উক্ত অধিকার, সুযোগ সুবিধা ও ভাতাদি এই সুপারিশে উল্লিখিত মজুরি কাঠামোর অধীন প্রদত্ত অধিকার, সুযোগ সুবিধা ও ভাতাদি হইতে কম অনুকূল হয়।

(১০) সার্বিক কাজের মূল্যায়নের ভিত্তিতে কোনো শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের বার্ষিক মজুরি বৃদ্ধির হার নির্ধারিত হইবে। এক্ষেত্রে, ন্যূনতম ৫০% শ্রমিকের বার্ষিক মজুরি বৃদ্ধির হার হইবে মূল মজুরির ন্যূনতম ১০%। অবশিষ্ট শ্রমিকদের মজুরি বৃদ্ধির হার তাহাদের কাজের মানের উপর ভিত্তি করিয়া মূল মজুরির ন্যূনতম ৫-১০% হইবে। তবে কোনোক্রমেই

কোনো শ্রমিকের বার্ষিক মজুরি বৃদ্ধির হার মূল মজুরির ৫% এর কম হইবে না। শ্রমিকদের সার্বিক কর্মদক্ষতা মূল্যায়নের ক্ষেত্রে গ্রহণযোগ্য ও বাস্তবসম্মত মূল্যায়ন পদ্ধতি অনুসৃত হইবে এবং কোনো শ্রমিকের প্রতি আনুকূল্য বা বৈষম্য প্রদর্শন করা যাইবে না। সোয়েটারসহ অন্যান্য সমজাতীয় সেক্টরের শিল্প প্রতিষ্ঠানসমূহে ফুরণ ভিত্তিক (Piece rate) মজুরিতে কর্মরত শ্রমিকগণও বার্ষিক ভিত্তিতে এই মূল মজুরি বৃদ্ধির সুবিধা পাইবেন।

(১১) এই প্রজ্ঞাপন কার্যকর হইবার পর কোনো শ্রমিকের বার্ষিক মূল মজুরি বৃদ্ধির দিন/তারিখ সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের বিদ্যমান নিয়মে নির্ধারিত হইবে। এক্ষেত্রে ৩০ নভেম্বর ২০২৩ পর্যন্ত তাহার আহরিত সর্বশেষ মূল মজুরির উপর এবং ০১ ডিসেম্বর ২০২৩ তারিখের পর পে ফিক্সেশন পরবর্তী নতুন মূল মজুরির উপর নির্ধারিত হারে বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন। এই ধারাবাহিকতায়, তিনি পরবর্তীতে প্রতি বছর ক্রমবর্ধমান হারে বার্ষিক মজুরি বৃদ্ধির সুবিধা প্রাপ্য হইবেন।

(১২) এই সুপারিশ দ্বারা নির্ধারিত নিম্নতম মজুরি সমন্বয়ের কারণে কোনো শ্রমিকের বার্ষিক মজুরি বৃদ্ধি বারিত বলিয়া গণ্য হইবে না।

(১৩) তফসিলসমূহে উল্লিখিত শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল হইবে ৩ (তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে শিক্ষানবিশিকাল আরো ৩ (তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোনো কারণে প্রথম ৩ (তিন) মাস শিক্ষানবিশিকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ১০১৭৫/- [মূল মজুরি ৫২০০/-, বাড়ী ভাড়া ২৬০০/- (মূল মজুরির ৫০%) এবং চিকিৎসা ভাতা নির্ধারিত ২৩৭৫/-] টাকা মজুরি প্রাপ্ত হইবেন। শিক্ষানবিশিকাল সমাপ্ত হইবার পর শিক্ষানবিশ শ্রমিক সংশ্লিষ্ট গ্রেডের স্থায়ী শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

(১৪) জোনসমূহের অন্তর্গত বিভিন্ন সেক্টরের শিল্প প্রতিষ্ঠানসমূহে নিযুক্ত শ্রমিকগণ বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ এবং বাংলাদেশ ইপিজেড শ্রম বিধিমালা, ২০২২ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী ভাতাদি ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন;

(১৫) শ্রমিকগণের কর্মঘন্টা বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ এবং বাংলাদেশ ইপিজেড শ্রম বিধিমালা, ২০২২ এর সংশ্লিষ্ট ধারা ও বিধি অনুযায়ী নির্ধারিত হইবে;

(১৬) এই সুপারিশের কোনো অংশ বাংলাদেশ ইপিজেড শ্রম আইন, ২০১৯ এবং বাংলাদেশ ইপিজেড শ্রম বিধিমালা, ২০২২ এর সহিত সাংঘর্ষিক হইলে, সেই অংশ বাতিল বলিয়া গণ্য হইবে।

(১৭) এতদ্দ্বারা ইপিজেডস্থ শ্রমিকগণের নিম্নতম মজুরি নির্ধারণ সংক্রান্ত কর্তৃপক্ষের সার্কুলার নং-০৩.০৬.২৬১৬.৩১৪.৯৯.০২৪.১৮-৯৫১ তারিখ: ২৭ নভেম্বর ২০১৮ রহিত করা হইল।

(১৮) ইহা ১৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ/ ০১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

**তফসিল-"ক"**

**গার্মেন্টস/ গার্মেন্টস এক্সেসরিজ/ জুতা/ জুতার এক্সেসরিজ/ চামড়াজাত পণ্য/ সেবা প্রদানকারী/ তাঁবু ও তাঁবু-এক্সেসরিজ/ প্লাস্টিক পণ্য/ খেলনা/ ক্যাপ এ্যান্ড হ্যাটস এবং সংশ্লিষ্ট অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকের নিম্নতম মাসিক মজুরির হার:**

| ক্রমিক নং | শ্রমিক গ্রেড | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা-নির্ধারিত (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | হাই স্কিল্ড | ৯,৭৫০/- | ৪,৮৭৫/- | ২,৩৭৫/- | ১৭,০০০/- |
| ২। | সিনিয়র অপারেটর | ৮,৫৫০/- | ৪,২৭৫/- | ২,৩৭৫/- | ১৫,২০০/- |
| ৩। | অপারেটর | ৮,০৫০/- | ৪,০২৫/- | ২,৩৭৫/- | ১৪,৪৫০/- |
| ৪। | জুনিয়র অপারেটর | ৭,৬১৭/- | ৩,৮০৮/- | ২,৩৭৫/- | ১৩,৮০০/- |
| ৫। | হেলপার | ৬,৯৫০/- | ৩,৪৭৫/- | ২,৩৭৫/- | ১২,৮০০/- |
| ৬। | শিক্ষানবিশ | ৫,২০০/- | ২,৬০০/- | ২,৩৭৫/- | ১০,১৭৫/- |

**তফসিল- "খ"**

**ইলেকট্রনিক্স ও ইলেকট্রিক্যাল পণ্য/ সফ্টওয়্যার/ লেন্স ও গ্লাস পণ্য/ মেটাল ও মেটালকাস্টিং/ অটোমোবাইল ও অটো পার্টস/ বাই-সাইকেল/ ভারী শিল্প/ প্রসাধনী/ নৌকা/ গল্ফ শ্যাফট/ ফিশিং ইক্যুইপমেন্টস এবং সংশ্লিষ্ট অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকের নিম্নতম মাসিক মজুরির হার:**

| ক্রমিক নং | শ্রমিক গ্রেড | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা-নির্ধারিত (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | সিনিয়র অপারেটর | ৯,০৫০/- | ৪,৫২৫/- | ২,৩৭৫/- | ১৫,৯৫০/- |
| ২। | অপারেটর | ৮,৩০০/- | ৪,১৫০/- | ২,৩৭৫/- | ১৪,৮২৫/- |
| ৩। | জুনিয়র অপারেটর | ৭,৭৬৭/- | ৩,৮৮৩/- | ২,৩৭৫/- | ১৪,০২৫/- |
| ৪। | শিক্ষানবিশ | ৫,২০০/- | ২,৬০০/- | ২,৩৭৫/- | ১০,১৭৫/- |

**তফসিল- "গ"**

**টেক্সটাইল/ক্যামিকেল/ ডাইং / অয়েল এ্যান্ড রিফাইনারি / কৃষি পণ্য/ আসবাবপত্র/ কাঠ ও বাঁশজাত পণ্য/ এবং সংশ্লিষ্ট অন্যান্য শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকের নিম্নতম মাসিক মজুরির হার:**

| ক্রমিক নং | শ্রমিক গ্রেড | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা- নির্ধারিত (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | হাই স্কিল্ড | ৯,৭৫০/- | ৪,৮৭৫/- | ২,৩৭৫/- | ১৭,০০০/- |
| ২। | স্কিল্ড গ্রেড-২ | ৮,৩০০/- | ৪,১৫০/- | ২,৩৭৫/- | ১৪,৮২৫/- |
| ৩। | সেমি-স্কিল্ড | ৭,৮৬৭/- | ৩,৯৩৩/- | ২,৩৭৫/- | ১৪,১৭৫/- |
| ৪। | আন-স্কিল্ড | ৭,২৫০/- | ৩,৬২৫/- | ২,৩৭৫/- | ১৩,২৫০/- |
| ৫। | শিক্ষানবিশ | ৫,২০০/- | ২,৬০০/- | ২,৩৭৫/- | ১০,১৭৫/- |

**তফসিল- "ঘ"**

**টেরি টাওয়েল/ সোয়েটার/উইগস এবং অন্যান্য সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকের নিম্নতম মাসিক মজুরির হার:**

**অ) ফুরণ ভিত্তিক (Piece rate) শ্রমিকদের ক্ষেত্রে:**

বাংলাদেশ ইপিজেড শ্রম বিধিমালা, ২০২২ এর বিধি ১১৯ (৫) এর বিধান সাপেক্ষে, টেরি টাওয়েল/ সোয়েটার/উইগ উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানসহ সমজাতীয় যে সকল শিল্প প্রতিষ্ঠানে ফুরণ ভিত্তিক (Piece rate) মজুরিতে শ্রমিকগণ নিযুক্ত রহিয়াছেন তাহাদের পিস রেট এমনভাবে নির্ধারণ করিতে হইবে যেন স্বাভাবিক কর্মঘন্টার জন্য উক্ত শ্রমিকগণের নিম্নতম মাসিক মজুরির হার নিম্নবর্ণিত মজুরি হার অপেক্ষা কম না হয়:

| ক্রমিক নং | শ্রমিক গ্রেড | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা- নির্ধারিত (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | ফুরণ ভিত্তিক (Piece rate) শ্রমিক | ৭,২৫০/- | ৩,৬২৫/- | ২,৩৭৫/- | ১৩,২৫০/- |
| ২ । | শিক্ষানবিশ | ৫,২০০/- | ২,৬০০/- | ২,৩৭৫/- | ১০,১৭৫/- |

**আ) বেতনভোগী শ্রমিকদের ক্ষেত্রে:** বেতনভোগী শ্রমিকদের নিম্নতম মাসিক মজুরির হার নিম্নরূপ হইবে:

| ক্রমিক নং | শ্রমিক গ্রেড | মাসিক মূল মজুরি (টাকা) | বাড়ী ভাড়া (টাকা) (মূল মজুরির ৫০%) | চিকিৎসা ভাতা-নির্ধারিত (টাকা) | সর্বমোট মজুরি (টাকা) |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | হাই স্কিল্ড | ৯,৭৫০/- | ৪,৮৭৫/- | ২,৩৭৫/- | ১৭,০০০/- |
| ২। | স্কিল্ড গ্রেড-২ | ৮,৩০০/- | ৪,১৫০/- | ২,৩৭৫/- | ১৪,৮২৫/- |
| ৩। | সেমি-স্কিল্ড | ৭,৮৬৭/- | ৩,৯৩৩/- | ২,৩৭৫/- | ১৪,১৭৫/- |
| ৪। | আন-স্কিল্ড | ৭,২৫০/- | ৩,৬২৫/- | ২,৩৭৫/- | ১৩,২৫০/- |
| ৫। | শিক্ষানবিশ | ৫,২০০/- | ২,৬০০/- | ২,৩৭৫/- | ১০,১৭৫/- |

মোঃ নজরুল ইসলাম
শ্রমিক প্রতিনিধি
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

মোসাঃ মুক্তা আক্তার
শ্রমিক প্রতিনিধি
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

সুবর্ণা আক্তার
শ্রমিক প্রতিনিধি
ও
সদস্য (কো-অপ্ট), ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

রাসেল আহমেদ
শ্রমিক প্রতিনিধি
ও
সদস্য (কো-অপ্ট), ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

মোঃ সাইফুল ইসলাম
শ্রমিক প্রতিনিধি
ও
সদস্য (কো-অপ্ট), ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

শাহাদাত মোশাররাফ খান
মালিক প্রতিনিধি
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

সৈয়দ মোহাম্মদ তানভীর
মালিক প্রতিনিধি
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

Jin Deguchi
মালিক প্রতিনিধি
ও
সদস্য (কো-অপ্ট), ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

Chang Yoe Chong, Felix
মালিক প্রতিনিধি
ও
সদস্য (কো-অপ্ট), ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

Pintu Kumar Saw
মালিক প্রতিনিধি
ও
সদস্য (কো-অপ্ট), ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

মোঃ নাজমুল ইসলাম ভূঁইয়া
অতিরিক্ত নির্বাহী পরিচালক, বেপজা
ও
সদস্য (কো-অপ্ট), ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

ফৌজিয়া রহমান
উপসচিব, অর্থ মন্ত্রণালয়
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

মোহাম্মদ ফিজনূর রহমান
পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

মোর্শেদা আক্তার
যুগ্ম সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

মোঃ খুরশিদ আলম
নির্বাহী পরিচালক (এন্টারপ্রাইজ সার্ভিসেস), বেপজা
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

মোঃ তানভীর হোসেন
নির্বাহী পরিচালক (বিনিয়োগ উন্নয়ন), বেপজা
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

আলী রেজা মজিদ
অতিরিক্ত সচিব, সদস্য (বিনিয়োগ উন্নয়ন), বেপজা
ও
সদস্য, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড

**মেজর জেনারেল** আবুল কালাম মোহাম্মদ জিয়াউর রহমান
এনডিসি, পিএসসি
নির্বাহী চেয়ারম্যান, বেপজা
ও
চেয়ারম্যান, ইপিজেড নিম্নতম মজুরি বোর্ড।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd